

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 27-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর:-

- ১) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের বিরোধিতা করে দায়ের হওয়া মামলায় যুক্তি গ্রহণযোগ্য হলে, খসড়া ভোটার তালিকা প্রকাশের সময়সীমা বাড়ানোর নির্দেশ দেওয়া হতে পারে বলে মৌখিকভাবে জানিয়েছে সুপ্রিম কোর্ট।
- ২) রাজ্যে এখনও পর্যন্ত ২৬ লক্ষ ভোটদাতার তথ্য ২০০২-এর এসআইআর-এর তালিকার সঙ্গে মেলেনি বলে নির্বাচন কমিশন সূত্রে খবর।
- ৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে ১০ টি জেলায় ইভিএম ও ভিভিপ্যাটের ফাস্ট লেভেল চেকিং - প্রক্রিয়া আজ শুরু হচ্ছে।
- ৪) এসআইআর নিয়ে উদ্বৃত্ত বিভিন্ন সমস্যা বিষয়ে উদ্বেগ প্রকাশ করে নতুন দিল্লীতে নির্বাচন কমিশনের আধিকারিকদের সঙ্গে দেখা করেছে বিজেপির এক প্রতিনিধি দল। সমস্যা সমাধানে বেশ কিছু পরামর্শও দিয়েছেন তারা।
- ৫) মোহনবাগান সুপার জায়ান্ট-এর নতুন কোচ হয়েছেন সের্জিও লোবেরা রডরিগেজ।

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এসআইআর-এর বিরোধিতা করে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলায় যুক্তি গ্রহণযোগ্য হলে, প্রয়োজনে খসড়া ভোটার তালিকা প্রকাশের সময়সীমা বাড়ানোর নির্দেশ দেওয়া হতে পারে বলে মৌখিকভাবে জানিয়েছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চে গতকাল এ সংক্রান্ত মামলার শুনানিতে বিএলওদের ওপর অতিরিক্ত

চাপ, মৃত্যুর প্রসঙ্গ উঠে আসে। এই বিষয়টি ছাড়াও অনাথ বা পথশিশুদের কিভাবে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করা হবে, কারাই বা তাঁদের পরিচিত হিসেবে চিহ্নিত করবে ইত্যাদি একাধিক বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চেয়েছে সর্বোচ্চ আদালত। আগামী ৯ই ডিসেম্বর পশ্চিমবঙ্গের মামলার পরবর্তী শুনানি। ঐদিনই খসড়া ভোটার তালিকা প্রকাশিত হওয়ার কথা।

উল্লেখ্য, এস আই আর এর বিরোধিতা করে পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু সহ একাধিক রাজ্য সুপ্রিম কোর্টের দ্বারা স্বীকৃত হয়েছে। আজ ফের এসংক্রান্ত মূল মামলার শুনানি হবে।

রাজ্য এখনও পর্যন্ত ২৬ লক্ষ ভোটদাতার তথ্য ২০০২-এর এসআইআর-এর তালিকার সঙ্গে মেলেনি বলে নির্বাচন কমিশন সূত্রে খবর। কমিশন জানিয়েছে, ইলেকশন রিটার্নিং অফিসার উদ্বৃত্ত পরিস্থিতি খতিয়ে দেখে সমস্যার সমাধান করবেন। কোনো যোগ্য ভোটারের নাম তালিকা থেকে বাদ যাবেনা।

রাজ্য বিধানসভা নির্বাচনের আগে বৈদ্যুতিন ভোটযন্ত্রে ভিএম ও ভিভিপ্যাটের ফাস্ট লেভেল চেকিং - এফ এল সি প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত। রাজ্যের ১০টি জেলায় মোট ৫২টি স্থানে এই চেকিং প্রক্রিয়া হবে।

এর আগে গত ২১ তারিখ নিউটাউনে এফএলসি নিয়ে বিশেষ কর্মশালার আয়োজন করা হয়। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সেখানে উপস্থিত ছিলেন।

রাজ্য ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-এস আই আর প্রক্রিয়ায় উত্তৃত বিভিন্ন সমস্যা নিয়ে উদ্বেগ প্রকাশ করে মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি দিয়েছে বিজেপি। গতকাল নতুন দিল্লিতে নির্বাচন সদনে গিয়ে নির্বাচন কমিশনের আধিকারিকদের সঙ্গে দেখা করেন বিজেপির এক প্রতিনিধি দল। দলে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, অমিত মালভিয়া, দুই সাংসদ-জগন্নাথ সরকার ও খণ্ডেন মুর্ম প্রমুখ। রাজ্য এস আই আর এর অগ্রগতি, অনুপ্রবেশ, ভুয়ো ও মৃত ভোটার, বিএলওদের ওপর রাজনৈতিক চাপ সহ একাধিক বিষয়ে লিখিতভাবে কমিশনকে জানিয়েছেন তারা। একইসঙ্গে সমস্যাগুলির সমাধানে বেশ কিছু পরামর্শও দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে, একমাত্র পশ্চিমবঙ্গেই রাজ্য স্বরাষ্ট্র দফতরের অধীনে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে কাজ করতে হয়। এতে দণ্ডরের নিরপেক্ষতা ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা থাকে। তাই এসআইআর বা ভোটের সময় মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের স্বাধীনতা সুনিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের আর্জি জানানো হয়েছে। মৃত, স্থানান্তরিত, একাধিক স্থানে নথিভুক্ত এবং ভুয়ো ভোটার চিহ্নিত করতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং ভারতের অভিন্ন পরিচয়পত্র প্রদান কর্তৃপক্ষ - ইউআইডিএআই এর তথ্যভান্ডার মিলিয়ে দেখার পরামর্শও দিয়েছে বিজেপি। এছাড়াও দ্রুত ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ, এসআইআর এর জন্য নথি গ্রহণের ব্যাপারে কমিশনের সুনির্দিষ্ট নির্দেশিকার প্রয়োজনীয়তা নিয়েও উল্লেখ করা হয়েছে ওই চিঠিতে।

পশ্চিমবঙ্গ বাংলাদেশি ও অনুপ্রবেশকারীদের আঁতুড়ঘরে পরিণত
হয়েছে বলে বিজেপি নেতা গিরিরাজ সিং মন্তব্য করেছেন। সংসদ ভবন

চতুরে গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী সিং বলেন, তৃণমূল কংগ্রেস এদের ভোট
ব্যাংকের উপর নির্ভরশীল।

(বাইট-গিরিজা)

এসআইআর ইস্যুতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডের সামনে BLO
অধিকার রক্ষা কমিটির অবস্থান বিক্ষেপের প্রেক্ষিতে, নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন নির্বাচন
কমিশন, কলকাতা পুলিশের কাছ থেকে রিপোর্ট তলব করেছে। কলকাতার পুলিশ
কমিশনার মনোজ ভার্মাকে গতকাল চিঠি পাঠিয়ে কমিশন স্পষ্ট জানিয়েছে, সিইও-র
দফতরে যে পর্যায়ের নিরাপত্তা থাকা উচিত ছিল, তা স্পষ্টতই অপ্রতুল। ফলে দফতরের
সমস্ত কর্মী আধিকারিকের নিরাপত্তা ঝুঁকির মুখে পড়তে পারে। কমিশনের এও
দাবি, ঘটনার গুরুত্ব এতটাই বেশি যে তা ইতোমধ্যেই সংবাদমাধ্যমে তা আলোচনার
কেন্দ্রে। তাই পরিস্থিতিকে হালকাভাবে নেওয়ার কোনও সুযোগ নেই। দুদিন অর্থাৎ ৪৮
ঘণ্টার মধ্যে এবিষয়ে ব্যবস্থা গ্রহণ করে তার অ্যাকশন টেকেন রিপোর্ট জমা দিতে
কমিশন, কলকাতা পুলিশ কমিশনারকে নির্দেশ দিয়েছে।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, এরাজ্যে নির্বাচন কমিশনকে
নিরাপত্তা চাইতে হচ্ছে, যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

বাইট শুভেন্দু

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালে চাকরী বাতিলের পর ২০২৫ সালে নতুন
পরীক্ষা সংক্রান্ত যাবতীয় মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে সুপ্রিম কোর্ট।
বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি অলোক আরাধের বেঁধও গতকাল জানিয়েছে,
একজন অযোগ্য চিহ্নিত প্রার্থীকেও চাকরি দিতে পারবেনা এসএসসি। বিশেষভাবে সক্ষম

প্রার্থীরাও এই নিয়মের আওতায় পড়বেন। বেঞ্চের পর্যবেক্ষণ, নতুন পরীক্ষাকে কেন্দ্র করে যে জটিলতার সৃষ্টি হয়েছে, তার জন্য এসএসসি'ই দায়ী। অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়া সহ পরীক্ষাকে কেন্দ্র করে অন্যান্য যত মামলা শীর্ষ আদালতে দায়ের হয়েছে, তা কলকাতা হাইকোর্টকে শুনতে নির্দেশ দিয়েছে বেঞ্চ। আগামী ২৮ শে নভেম্বর হাইকোর্টে এই মামলার শুনানি রয়েছে।

উল্লেখ্য, দুর্নীতির অভিযোগে ২০১৬ সালে সম্পূর্ণ প্যানেল সুপ্রিম কোর্ট বাতিল করে দেওয়ায় চাকরি হারান ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী। ফের নতুন করে পরীক্ষা নিতে বলেছিল সুপ্রিম কোর্ট।

এদিকে, শুধুমাত্র যোগ্যদের জন্যই নতুন ভাবে নিয়োগ পরীক্ষা নেওয়ার দাবি জানিয়েছে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ। সংগঠনের আহ্বায়ক মেহরুব মণ্ডল বলেছেন, যোগ্য শিক্ষক শিক্ষিকারা যাতে কোনোভাবেই ক্ষতিগ্রস্ত না হয় তা নিশ্চিত করার দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন তারা।

বাইট মেহরুব মণ্ডল

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলার শুনানিতে প্রাক্তন শিক্ষামন্ত্রী, সদ্য জেলমুক্ত পার্থ চট্টোপাধ্যায় সহ শিক্ষা দপ্তরের একাধিক কর্তাব্যক্তি গতকাল হাজিরা না দেওয়ায় ক্ষেভ প্রকাশ করেন বিশেষ সিবিআই আদালতের বিচারক শুভেন্দু সাহা। আগামীদিনে একই ভুল হলে আদালত অভিযুক্তদের জামিন বাতিল করার হুঁশিয়ারি দেন তিনি।

উল্লেখ্য, পার্থ চট্টোপাধ্যায় সহ স্কুল সার্ভিস কমিশনের প্রাক্তন চেয়ারম্যান সুবিরেশ ভট্টাচার্য, শিক্ষক নিয়োগ সংক্রান্ত উপদেষ্টা কমিটির চেয়ারম্যান শান্তি প্রসাদ সিনহা, মধ্য শিক্ষা পর্যবেক্ষণের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়কে গতকাল সশরীরে আদালতে হাজির থাকতে নির্দেশ দেওয়া হলেও তারা উপস্থিত হননি। হাজিরা এড়িয়ে গেলেও

এদিন আদালতে সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে প্রাক্তন শিক্ষামন্ত্রীর পাসপোর্ট জমা দেন তাঁর আইনজীবী।

পূর্ব মেদিনীপুরের তমলুকে সরকারি চাকরি পাইয়ে দেওয়ার নাম করে প্রতারণার অভিযোগে শেখ মুঁসুনুদ্দীন নামের এক সরকারি কর্মচারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। শেখ মুঁসুনুদ্দীনের বাড়ি রায়গঞ্জে হলেও চাকরি সূত্রে তমলুকে থাকতেন। তল্লাশি চালিয়ে পুলিশ তাঁর ঘর থেকে ১৫টিরও বেশি অ্যাডমিট কার্ড উদ্ধার করে।

গোয়ায় ৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব প্রায় শেষ পর্যায়ে। আগামীকাল সমাপ্তি উৎসব। তার আগে আজ ইন্ডিয়ান প্যানোরামা বিভাগের বাংলা ছবি সৌকর্য ঘোষালের পক্ষীরাজের ডিম-এর দুটি প্রদর্শন রয়েছে। সিনেমাটি আজ মারগাঁও এবং পন্ডতে দেখানো হবে। এর আগে গতকাল সিনেমার পরিচালক সৌকর্য ঘোষাল এবং অভিনেতা অনিবাণ ভট্টাচার্য সাংবাদিকদের মুখোমুখি হন। সিনেমা সম্পর্কে বলতে গিয়ে পরিচালক বলেন ভারতে সিনেমায় ভিএফএক্স-এর ব্যবহার এখন আর কঠিন নয় কারণ প্রযুক্তিগত দক্ষতা এখন অনেক বেশি। গোয়ায় চলচ্চিত্র উৎসবের পরিবেশ নিয়ে উচ্ছিসিত প্রশংসা করেন অভিনেতা অনিবাণ।

উল্লেখ্য, এই নিয়ে পরপর দুবছর সৌকর্য ঘোষালের দুটি সিনেমা ভূতপরি এবং পক্ষীরাজের ডিম Iffিতে দেখানোর জন্য নির্বাচিত হয়েছে।

হোসে মোলিনাকে সরিয়ে মোহনবাগান সুপার জায়ান্ট-এর কোচ হয়েছেন সের্জিও লোবেরা রডরিগেজ। গতকাল মোহনবাগান ক্লাবের পক্ষ থেকে নতুন কোচের নাম জানানো হয়েছে। গত মরসুমে মোলিনাকে মোহনবাগান কোচ করেছিল। তিনি সবুজ

মেরুন দলকে একই সঙ্গে আইএসএল লিগ-শিল্ড ও কাপ জিতিয়েছেন। কিন্তু চলতি
মরসুমে ডুরান্ড কাপ ও সুপার কাপে ব্যর্থতায় দলের খেলা নিয়ে তার সমালোচনা শুরু
হয়েছিল। সের্জিও লোবেরা রবিবার দলের অনুশীলন শুরু করবেন।

রাজ্যে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে থাকলেও আগামীকাল থেকে আবার
পারদের উর্ধ্বমুখী হওয়ার সম্ভাবনা। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড
করা হয়েছে ১৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা এক দশমিক এক
ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে ২ দশমিক ৫ ডিগ্রি
নীচে। আলিপুর আবহাওয়া দণ্ডের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে
জানিয়েছেন, আগামী এক সপ্তাহ রাজ্যে আবহাওয়া প্রধানত শুষ্ক'ই থাকবে।

এদিকে ইন্দোনেশিয়া উপকূলের কাছে তৈরি ঘূর্ণিঝড় এবং শ্রীলঙ্কা উপকূলের
কাছে তৈরি নিম্নচাপ অঞ্চলটি রাজ্য থেকে অনেকটা দূরে থাকায় এর কোনো প্রত্যক্ষ
প্রভাব এখানে পড়ার সম্ভাবনা নেই।
